



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ জরিপ অধিদপ্তর
সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ এর দপ্তর
তেজগাঁও শিল্পএলাকা, ঢাকা-১২০৮

১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রাতিষ্ঠানিক গণশুনানির কার্যবিবরণী

সভাপতি	ত্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক সার্ভেয়ার জেনারেল
সভার তারিখ	১৮ ডিসেম্বর ২০২৩
সভার সময়	সকাল ১১:৪০০
স্থান	লিথুমুদ্রণ অফিসের সামনের প্রাঙ্গণ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

বাংলাদেশ জরিপ অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ক্রমিক ৩.৪ এর পরিকল্পনা বাস্তবায়নের জন্য ১৮ ডিসেম্বর ২০২৩ তারিখে সকাল ১১:৪০০ ঘটিকায় অধিদপ্তরের তেজগাঁও অফিস প্রাঙ্গণে সকল স্তরের কর্মকর্তা/ কর্মচারী সমন্বয়ে প্রাতিষ্ঠানিক গণশুনানির আয়োজন করা হয়। উক্ত গণশুনানিতে সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ কর্তৃক কর্মকর্তা কর্মচারীগণের বক্তব্য শোনা হয়, তাদের যুক্তিসংগত প্রশ্নের উত্তর প্রদান করা হয়, পরিশেষে সকলের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সংক্ষেপে নিম্নরূপঃ

ক। অধিদপ্তরের প্রস্তাবিত নিয়োগবিধিমালা, ২০২২ এর বিষয়ে সকলের প্রশ্নের জবাবে সার্ভেয়ার জেনারেল অব বাংলাদেশ কর্তৃক জানানো হয় যে, প্রস্তাবিত নিয়োগবিধিমালা, ২০২২ এর বিষয়ে আইন মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী প্রতিরক্ষা মন্ত্রণালয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

খ। অধিদপ্তরের ২৩২ জন কারিগরী কর্মচারীর দুই বছর চাকরীকাল গণনা এবং দুইটি বার্ষিক বর্ধিত বেতন প্রদানের বিষয়ে অত্র অধিদপ্তর কর্তৃক দায়েরকৃত সিভিল রিভিউ পিটিশন নং ৪৭/২০২৩ এর রায়ের প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রমের বিষয়ে জানানো হয় যে এ বিষয়ে প্রতিরক্ষা মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় নির্দেশনা প্রাপ্তির পর পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে।

গ। সভার এপর্যায়ে অধিদপ্তরের সকলকে পারস্পারিক সৌহার্দ্য, সম্প্রীতি ও সহযোগিতার মনোভাব নিয়ে নিজ নিজ দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হয়।

অতঃপর সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০-১২-২০২৩

ত্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল হক
সার্ভেয়ার জেনারেল

০২২২৩৩৭৪০৭৩ (ফোন)

৮১৭০০৭৮ (ফ্যাক্স)


sg@sob.gov.bd

নম্বর: ২৩.০৮.০০০০.০০৪.৫৩.০২৬.২২.১৩৩১

৫ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিতরণ :

১। পত্রজারী গ্রুপ (জি)।



২০-১২-২০২৩

মোঃ মোস্তাফিজুর রহমান

উপ-পরিচালক (প্রশাসন) (অতিরিক্ত দায়িত্ব)